গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবু নাসের চৌধুরী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বগুড়া গণপূর্ত সার্কেল, বগুড়া

এবং

এ এইচ এম শাহরিয়ার
নির্বাহী প্রকৌশলী
বগুড়া গণপূর্ত বিভাগ, বগুড়া

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই,২০২৩-৩০ জুন,২০২৪

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ২-৪ |
| প্রস্তাবনা | ৫ |
| সেকশন ১,রূপকল্প : অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৬ |
| সেকশন ২ বিভিন্ন কার্যক্রমের :চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৭-৮ |
| সেকশন ৩ :কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ৯-১৬ |
| সংযোজনী ১:  শব্দসংক্ষেপ | ১৭ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১৮ |

# গণপূর্ত অধিদপ্তর বগুড়া গণপূর্ত বিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the Performance of the Bogura PWD circle of Public Works Department)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ গণপূর্ত অধিদপ্তরের আঞ্চলিক বিভাগসমূহের মধ্যে বগুড়া গণপূর্ত বিভাগ অন্যতম। এ বিভাগের অধীনে ০৪ টি উপবিভাগ রয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব কাজ সহ অন্যান্য প্রায় ১৯ টি মন্ত্রণালয়ের নির্মাণ কাজ সমূহ বগুড়া গণপূর্ত বিভাগের নেতৃত্বে সম্পন্ন হচ্ছে। বিগত বছরগুলোতে বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রকল্পসহ উল্লেখযোগ্য কিছু কাজ বগুড়া গণপূর্ত বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

- বগুড়া জেলায় বিটাক ভবন ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।
- বগুড়া জেলা পাসপোর্ট অফিস নির্মাণ।
- হাসপাতাল ও সরকারী ভবনসমূহে জরুরী সেবা তথা বিদ্যুত, পানি সরবরাহ নিশ্চিতকরণ।
- মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ
- বগুড়া জেলা ও এর উপজেলাসমূহে সাব-রেজিস্টার অফিস নির্মাণ, ফায়ারষ্টেশন নির্মাণ, থানাভবন নির্মাণ ইত্যাদি

তাছাড়া বগুড়া গণপূর্ত বিভাগ নিয়মিত কর্মকান্ড হিসেবে গত অর্থ বছরে বহিভুক্ত সরকারী অফিসভবন এবং বাসভবন সমূহের বিভিন্ন প্রকার সংরক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হয়।

সমস্যাসমূহ

- করোনা মহামারীজনিত কারণে জনবল ও মালামাল সংকটে কাজের ধীরগতি এবং কাঙ্খিত অগ্রগতি ব্যহত হওয়া
- জরুরী সেবা প্রদানকারী জনবল যেমন: প্লাম্বার, ইলেকট্রিশিয়ান, শ্রমিক, সহকারী প্লাম্বার, সহকারী ইলেকট্রিশিয়ান, পাম্পচালক, কার্যসহকারী না থাকায় চলমান কার্যক্রম সঠিকভাবে করা যাচ্ছে না।
- দরপত্র অনুমোদন বিশেষত: রাজস্ব বাজেটের দরপত্র অনুমোদন প্রক্রিয়ায় গতিশীলতা আনয়ন।
- ডিপিপি অনুমোদনে দীর্ঘ প্রক্রিয়া।
- জমি অধিগ্রহনে জটিলতা ও দীর্ঘসূত্রিতা
- কাজের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ হারে অর্থ বরাদ্দ না পাওয়া।

- নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদানকারী সংস্থার সমন্বয়হীনতা।
- প্রত্যাশী কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তরের মধ্যে কতিপয় ক্ষেত্রে সমন্বয়হীনতা।
- নির্মান সামগ্রীর মূল্য বৃদ্ধির সাথে প্রকল্প ব্যয়ের সমন্বয় সাধন না হওয়া।
- পর্যাপ্ত জনবলের অভাবের পাশাপাশি বিদ্যমান জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষনের স্বল্পতা।
- সর্বশেষ প্রযুক্তির বিষয়ে প্রকৌশলীদের প্রশিক্ষণের সীমিত সুযোগ।

চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ

- সঠিক প্রকল্প ব্যবস্থাপনা নিশ্চিতকরার মাধ্যমে প্রকল্প ব্যয় ও প্রকল্প বাস্তবায়নের সময়সীমা যৌক্তিকিকরন করতে হবে। বগুড়া গণপূর্ত সার্কেল অভিজ্ঞ প্রকৌশলী দ্বারা যথাযথ সময়ে মানসম্মত নির্মাণ প্রকল্প বাস্তবায়নে বদ্ধপরিকর। টেকসই নির্মাণ কাজের সেবা যথাসময়ে জনগণের নিকট উন্মুক্ত করা সম্ভব হলে অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে।
- গতিশীল নির্মাণ কাজের সক্ষমতার অপার সম্ভাবনাকে কাজে লাগিয়ে যেকোন প্রকার অবকাঠামো নির্মাণ কাজ নুন্যতম সময়ে সম্পন্নের লক্ষ্যে বগুড়া গণপূর্ত সার্কেল কাজ করছে। আন্তর্জাতিক মান ও নিয়ম রক্ষা করে দ্রুততম সময়ে অবকাঠামো নির্মাণ দেশে বিদেশী বিনিয়োগ বৃদ্ধিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে। দেশে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান বৃদ্ধি পাবে। এতে মাথাপিছু আয় বৃদ্ধির পাশাপাশি মানব উন্নয়ন সূচকে ইতিবাচক পরিবর্তন আসবে।
- বগুড়া গণপূর্ত বিভাগ ছোট-মধ্যম-বৃহৎ নির্মাণ কাজ / প্রকল্প বাস্তবায়ন করছে। ভবিষ্যতে ক্রমেই এ নির্মাণ কাজ বৃদ্ধি পাবে।
- বগুড়া গণপূর্ত বিভাগ তার আওতাধীন সরকারের অফিস ও আবাসিক স্থাপনার রক্ষণাবেক্ষণ করে থাকে। রক্ষণাবেক্ষণ কাজের গুনগত মান রক্ষা করে যথাসময়ে কাজ বাস্তবায়নে বগুড়া গণপূর্ত সার্কেল সচেষ্ট রয়েছে। বগুড়া গণপূর্ত বিভাগ আওতাধীন অবস্থিত সরকারি ভবনাদির বিস্তারিত তথ্য উপাত্ত হালনাগাদ করা হয়েছে। ভবন ভিত্তিক রক্ষণাবেক্ষণ কাজের ডাটাবেজ ব্যবহারের মাধ্যমে পরিবীক্ষণ ব্যবস্থা জোরদার করা সহটেকসই, জবাবদিহি ও অংশগ্রহনমূলক রক্ষণাবেক্ষণ ব্যবস্থা চালু করাই বগুড়া গণপূর্ত সার্কেল লক্ষ্য।
- প্রকল্প গ্রহণের পর জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে সময়ের প্রয়োজন হয় ফলে নির্দিষ্ট সময়ে প্রকল্প শুরু করা সম্ভব হয় না। এতে প্রকল্প ব্যয় ও সময় দুটোই বৃদ্ধি পায়। এছাড়াও নির্দিষ্ট সময়ে অর্থ বরাদ্দ প্রাপ্তিতে বিলম্ব হয়। নির্মাণ সামগ্রীর ব্যয় বৃদ্ধির কারণেও প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়। ফলে অনুমোদিত প্রকল্প ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে নির্দিষ্ট সময়ে প্রকল্প বাস্তবায়ন করা বগুড়া গণপূর্ত সার্কেলের জন্য একটি বড় চ্যালেঞ্জ।

- সাম্প্রতিক সময়ে চলমান করোনা মহামারির কারণে জনবল ও মালামাল সংকটের কারনে প্রকল্পের অগ্রগতি ঝুঁকির মধ্যে পড়বে, যা সমগ্র অর্থনীতির উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এ কারণে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন করা বগুড়া গণপূর্ত বিভাগ এর জন্য একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎপরিকল্পনা

উল্লেখযোগ্য প্রকল্পসমূহের তালিকা

- প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে 560টি মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ১২ টি মডেল মসজিদ নির্মাণ
- সমন্বিত সরকারী অফিস, বগুড়া
- বগুড়া শহরে স্টাফ কোয়ার্টার নির্মাণ
- ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ: ২০২৩-২৪ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ফ্ল্যাট হোষ্টেল ডরমিটরী নির্মিত হবে। বিভিন্ন সরকারী দপ্তরের জন্য আধুনিক সুযোগসুবিধা সম্বলিত অফিস স্পেস, অভ্যান্তরীন রাস্তা নির্মাণ করা হবে তাছাড়া সোলার প্যানেল এবং ডিপ-টিউবওয়েল স্থাপন করা হবে। একই সাথে সরকারী স্থাপনা এবং কেপিআই মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা হবে।

# উপক্রমণিকা(Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের বগুড়া গণপূর্ত সার্কেল এর দায়িত্বে নিয়োজিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন বগুড়া গণপূর্ত বিভাগের দায়িত্বে নিয়োজিত নির্বাহী প্রকৌশলী এর মধ্যে ২০২৩ সালের জুন মাসে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১:১ রূপকল্প.
রূপকল্প ২০৪১ সামনে রেখে সরকারের উন্নয়ন পরিকল্পনার আওতায় উন্নয়নশীল দেশের সকল চ্যালেঞ্জ মোকাবেলা পূর্বক যুগোপযোগী অবকাঠামো নির্মাণসহ প্রাতিষ্ঠানিক ও আবাসিক সুবিধাদি সুনিশ্চিত করা।

১:২ অভিলক্ষ্য.
সর্বশেষ প্রকৌশল প্রযুক্তিগত কলাকৌশলের সর্বোত্তম প্রয়োগের দ্বারা পরিবেশ বান্ধব, নিরাপদ ও টেকসইভাবে সকল প্রকার সরকারি দপ্তর, বাসভবন ও অন্যান্য স্থাপনা নির্মাণ করা এবং সরকারি কেপিআই স্থাপনাসমূহ সহ সকল প্রকার সরকারী অবকাঠামো সমূহের সুষ্ঠু রক্ষণাবেক্ষণ কাজ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র (সংশ্লিষ্ট অফিস কর্তৃক নির্ধারিত, সর্বোচ্চ ৫টি):
১)প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য টেকসই, নিরাপদ ও সাশ্রয়ীআবাসনের সুযোগ সম্প্রসারণ।
২) পরিকল্পিত উন্নয়ন
৩) সরকারি অবকাঠামোর /অফিস/সুবিধাসম্পন্ন ভবন-স্বায়ত্বশাসিত দপ্তরসমূহের জন্য অধিকসুযোগ /আধাসরকারি /
উন্নয়ন
৪)সুষ্ঠু রক্ষণাবেক্ষণের মাধ্যমে সরকারি ভবন ও অবকাঠামোরস্থায়িত্ব বৃদ্ধিকরণ।
৫)সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)
১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১.৪ কার্যাবলিঃ আইন -বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি/

# সেকশন ২

বগুড়া গণপূর্ত বিভাগ, বগুড়া এর বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)নিম্নরূপ ।

| চুড়ান্তফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সুচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ | ফ্ল্যাটের সংখ্যা | সংখ্যা | - | - | ০০ | ০৩ | ০৩ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সরকারি কোয়ার্টার/ডরমিটরি/হোষ্টেল ইত্যাদি নির্মানের বার্ষিক প্রতিবেদন |
| সরকারি দপ্তরসমূহের অফিসস্পেস বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজে গতিশীলতা আনয়ন | নির্মিত দপ্তরসমুহের ক্ষেত্রফল | লক্ষ বর্গফুট | - | - | .১৫ | .২০ | .২০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সরকারি অফিস স্পেস নির্মানের বার্ষিক প্রতিবেদন |
| চলাচলের সুবিধা সৃষ্টি | নির্মিত রাস্তার দৈর্ঘ্য | কিলোমিটার | - | - | ০.২৫ | .৩০ | .৩০ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের অভ্যন্তরীন রাস্তা নির্মানের বার্ষিক প্রতিবেদন |
| Energy-efficient ভবন নির্মাণ | স্থাপিত সৌর বিদ্যুত স্থাপিত ভবনের সংখ্যা | সংখ্যা | - | - | ৩ | ৫ | ৫ | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ | গণপূর্ত অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের বিদ্যুৎ উৎপাদনের বার্ষিক প্রতিবেদন |

| চূড়ান্তফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সুচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| উন্নত প্রযুক্তি ব্যবহার করে রেট্রোফিটিং এর মাধ্যমে পুরাতন/জরাজীর্ন স্থাপনার আয়ুস্কাল বৃদ্ধি | পুরাতন স্থাপনা ষ্ট্রেংদেনিং | ভবনের সংখ্যা | - | - | - | - | - | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| কোভিড-১৯ মোকাবিলায় আইসোলেশন ইউনিট, আইসিইউ স্থাপন | আইসোলেশন ইউনিট/আইসিইউ এর সংখ্যা | সংখ্যা | - | - | - | - | - | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

## সেকশন ৩ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ০১ | [১ [১. প্রজাতন্ত্রের কর্মচারীদের বসবাসের জন্য আবাসিক ফ্ল্যাটনির্মাণ | [১ ফ্ল্যাটের [১.১. সংখ্যা | সংখ্যা | -- | -- |
| | | [১ নির্মিত [২.১. ডরমিটরি, হোষ্টেল, অফিসমেস ইত্যাদি নির্মাণ | লক্ষ বর্গফুট | -- | -- |
| | [১ প্রকল্প [২. এলাকায় আভ্যন্তরীণ রাস্তানির্মাণ | [১ নির্মিত [১.২. রাস্তার দৈর্ঘ্য | কিমি | -- | -- |
| | [১ [৩. অতিঝুকিপূর্ণ সরকারি ভবনের তালিকাহালনাগাদ করন | [১ [১.৩. তালিকা হালনাগাদকৃত | তারিখ | গণপূর্ত বিভাগ বগুড়া | ৩১/০৫/২০২৪ |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | [২.২ [ আরবরিকালচার | [২ [১.২. রোপনকৃত গাছের সংখ্যা | সংখ্যা | -- | -- |
| | | [২.২.২] ল্যান্ডস্কেপিং | সংখ্যা | -- | -- |
| | [২ [৩. পরিত্যা/পুরনোক্ত স্থাপনা অপসারণপূর্বক ভবন নির্মাণ | [২ নির্মিত [১.৩. ভবনের সংখ্যা | সংখ্যা | -- | -- |
| | [২ক্লাব [৪., কমিউনিটি সেন্টার, অডিটোরিয়াম, মসজিদ ইত্যাদি নতুন নির্মাণ / আধুনিকায়ন | [২ নির্মিত [১.৪. স্থাপনার সংখ্যা | সংখ্যা | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>মডেল মসজিদ-০৩টি<br>মোট=০৩ টি |
| | [২লিফট [৫. স্থাপন | [১.৫.২] লিফট সংখ্যা | সংখ্যা | -- | -- |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | জেনারেটর, সাবষ্টেশন-, পাম্পইত্যাদি ইলেক্ট্রি-মেকানিক্যাল যন্ত্রপাতি স্থাপন | [২ [১.৫. যন্ত্রপাতির সংখ্যা | সংখ্যা | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>জেনারেটর=৩টি<br>সাবস্টেশন=৩টি(মডেল মসজিদ)<br>পাম্প=৪টি<br>মোট=১০ টি |
| | [২ [৬. পরিবেশ সম্মত উপায়ে -পয় নিস্কাশনব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে এসটিপি নির্মাণ | [২ নির্মিত [১.৬. এসটিপি সংখ্যা | সংখ্যা | | |
| | [২ [৭. বায়ুদূষণরোধ এবং কৃষিজ জমি রক্ষার উদ্দেশ্যে পোড়ানো ইটের ব্যবহার হ্রাস | [২.৭.১] নতুনদরপত্রে Non fired brick/Sand Cement block/ Concrete block এরসংস্থান | % | বগুড়া গণপূর্ত বিভাগ | ১০০% |
| | [২ [৮.নির্মাণ সামগ্রীর গুনগত মান নিশ্চিতকরণ | [২.৮.১] টেষ্টিংল্যাবরেটরীস্থাপন | | - | - |
| | [২ সরকারি [৯. ক্যাম্পাসে/ভবন | [২.৯.১] নিয়মিতড্রেইনপরিস্কা | কিঃমিঃ | বগুড়া গণপূর্ত বিভাগ | =.২৫ কিমি |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | ডেঙ্গু মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থা | রওলার্ভাসাইটস্প্রেকরণ | | | |
| | | [২.৯.২] পরিস্কারপরিচ্ছন্নতার অভিযানকার্যক্রমপরিদর্শন | সংখ্যা | বগুড়া গণপূর্ত বিভাগ | মোট=৩ টি |
| | [২.১০] বৃষ্টিরপানিপরিশোধনপূর্বকপুনঃব্যবহারনিশ্চিতকরণ | [২.১০.১] বৃষ্টিরপানিরপরিশোধনব্যবস্থাস্থাপন | | | |
| ৩ | [৩ সরকারি [১. দপ্তরসমূহের | [৩ নির্মিত [১.১. দপ্তরসমূহের ক্ষেত্রফল | লক্ষ বর্গফুট | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>এপিবিএন প্রশাসনিক ভবন= ০.৩২ লক্ষ বর্গফুট<br>বিটাক প্রশিক্ষণ ভবন= ০.০৫৩ লক্ষ বর্গফুট<br>মোট= .৩৭৩ লক্ষ বর্গফুট |
| | [৩ পার্কিং [২. সম্বলিত সুবিধাদি প্রদান | [৩ পার্কিং [১.২. এর সংখ্যা | গাড়ীর সংখ্যা | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>মডেল মসজিদ-০৩টি<br>মোট=৩ টি স্পেস এবং গাড়ির সংখ্যা=১২ টি |
| | [৩নিরাপদ [৩., সুপেয় পানি সরবরাহের লক্ষ্যেডিপ টিউবওয়েল স্থাপন | [৩ স্থাপিত [১.৩. ডিপটিউবওয়েলের সংখ্যা | সংখ্যা | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>মডেল মসজিদ-০৩টি<br>মোট=০৩ টি |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | [৩ সোলার [৪. প্যানেল স্থাপন | [৩ সৌর [১.৪. বিদ্যুৎ স্থাপিত ক্যাপাসিটি | সংখ্যা( KW) | বগুড়া গণপূর্ত বিভাগ | বগুড়া গণপূর্ত বিভাগ<br>মডেল মসজিদ-০৩টি<br>মোট=০৩ টি( ৩ কিলোওয়াট) |
| | [৩ রেইন [৫. ওয়াটার হার্ভেষ্টিং | [৩ নির্মিত [১.৫. স্থাপনার সংখ্যা | | -- | -- |
| | ৩.৬ কোভিড মোকাবেলায় পিসিআর ল্যাব, আইসোলেশন ইউনিট, আইসিইউ স্থাপন | ৩.৬.২ আইসোলেশন, আইসিইউ স্থাপন | সংখ্যা | -- | -- |
| ৪ | [৪[১.উন্নত প্রযুক্তি ব্যবহার করে রেট্রোফিটিং এর মাধ্যমে পুরাতন/ জরাজীর্ণ স্থাপনারআয়ুস্কাল বৃদ্ধি | [৪ পুরাতন [১.১. স্থাপনা ষ্ট্রেংদেনিং | ভবনের সংখ্যা | -- | -- |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | স্থাপনারআয়ুস্কাল বৃদ্ধি | | | | |
| | [৪ সরকারী [২. ভবন ও স্থাপনাররক্ষণাবেক্ষণ | [৪ [১.২. রক্ষণাবেক্ষণকৃ | ভবনের সংখ্যা | | বিল্ডিং বুক ভুক্ত বিভিন্ন সরকারী স্থাপনা ও ভবন<br>**বগুড়া গণপূর্ত বিভাগের ভবন=৬৬ টি**<br>**মোট=৬৬ টি** |
| | | [৪ [২.২.KPI রক্ষণাবেক্ষণ | ভবনের সংখ্যা | -- | -- |
| | | [৪ [৩.২. রক্ষণাবেক্ষণকৃ স্পেস। | সংখ্যা | | |
| | | [৪ বিভিন্ন [৪.২. সরকারি ভবনের লিফট রক্ষণাবেক্ষণ | সংখ্যা | **বগুড়া গণপূর্ত বিভাগ** | **বগুড়া গণপূর্ত বিভাগ**<br>১। সিজেএম কোর্ট=৩টি।<br>২। মেডিকেল কলেজ= ৯টি।<br>**মোট=১২ টি** |
| | | [৪.২.৫]বিভিন্ন সরকারি ভবনের জেনারেটর, সাব-টেশন্্য, পাম্প ইত্যাদি ইলেক্ট্রোমেকানিক্যাল | সংখ্যা | **বগুড়া গণপূর্ত বিভাগ** | **বগুড়া গণপূর্ত বিভাগ**<br>১. জেনারেটর=২৫টি<br>২. সাবষ্টেশন=২০টি<br>৩.পাম্প মটর=৯৫টি<br>**মোট=১৪০ টি** |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | বাস্তবায়ন কারী বিভাগ | লক্ষ্যমাত্রা (২০২৩-২৪) এর বিস্তারিত বিবরণ এবং পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | যন্ত্রপাতিররক্ষণা বেক্ষণ | | | ৩.পাম্প মটর=৯৫টি<br>মোট=১৪০ টি |
| | | [৪.২.৬] পাম্প অটোমেশন সিস্টেম স্থাপন | % (মোট পাম্প সংখ্যার %) | | ৬০% |
| [৫] সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ। | [৫.২ সরকারী [ সম্পত্তির রেকর্ড হালনাগাদকরণ | [৫.২ এল এ [১. কেসের গেজেট নোটিফিকেশনকৃত সম্পত্তির | % | -- | -- |
| | [৫.৩ অবৈধ [ দখলদার উচ্ছেদ | [৫.৩ [১. উচ্ছেদকৃত জমির পরিমান | একর | | - |

আমি এ এইচ এম শাহরিয়ার ,নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ , বগুড়া হিসাবে গণপূর্ত সার্কেল, বগুড়া এর দায়িত্বে নিয়োজিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আবু নাসের চৌধুরী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।

আমি আবু নাসের চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া গণপূর্ত সার্কেল, বগুড়া হিসাবে এ এইচ এম শাহরিয়ার ,নির্বাহী প্রকৌশলী, বগুড়া গণপূর্ত বিভাগ , বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

| | |
|---|---|
| এ এইচ এম শাহরিয়ার ,<br>নির্বাহী প্রকৌশলী,<br>বগুড়া গণপূর্ত বিভাগ , বগুড়া | 22/06/23<br>তারিখ- |
| আবু নাসের চৌধুরী,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী,<br>বগুড়া গণপূর্ত সার্কেল, বগুড়া | তারিখ- 22/06/2023 |

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ

গৃগমঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়